অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/1/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

মুনাফা উপযোগীতা বাড়াতে অঙ্গরাজ্য জুড়ে নতুন প্রায় 30 টি খামারকে অর্থ প্রদানের ঘোষণা দিলেন গভর্নর কুওমো

নিউইয়র্কের কৃষি শিল্পের স্থায়িত্বে সহায়তা প্রদানের মাধ্যমে অর্থায়ন নতুন কৃষকদের বিকাশ এবং সম্প্রসারণকে উৎসাহিত করে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নতুন এবং প্রাথমিক পর্যায়ের কৃষকদের সহায়তা প্রদানকারী নতুন কৃষকদের অনুদান তহবিলের মাধ্যমে নিউইয়র্ক জুড়ে নতুন প্রায় 30 টি খামারকে অর্থ প্রদানের ঘোষণা দিয়েছেন। 2014 সালে শুরু হওয়ার পর থেকে নতুন কৃষকদের অনুদান তহবিল এখন পর্যন্ত অঙ্গরাজ্য জুড়ে 114 টি খামারকে 4.2 মিলিয়ন ডলার প্রদান করেছে।

"উন্মুক্ত স্থান সংরক্ষণ এবং টাটকা, স্বাস্থ্যকর পণ্য উৎপাদনের মাধ্যমে আমাদের অর্থনীতি এবং জীবন মানের জন্য খামার অতীব গুরুত্বপূর্ণ", **গভর্নর কুওমো বলেন**। "বিশ্ব মানের খাবার, পানীয় এবং বিশেষ দ্রব্যাদি প্রস্তুত করে নিউইয়র্কের কৃষকরা তাদের ভূমি সম্পর্কিত মহান দায়িত্ব পালনের জন্য জাতীয়ভাবে স্বীকৃত। এসব অনুদান নতুন কৃষকদেরকে আমাদের অঙ্গরাজ্যের দীর্ঘস্থায়ী কৃষি ঐতিহ্যকে আরও এগিয়ে নিতে সহায়তা করবে।"

"আমাদের অঙ্গরাজ্য এবং বিশ্ব জুড়ে রান্নাঘরের টেবিলে স্থানীয় পণ্য সরবরাহের মাধ্যমে আমাদের কৃষি অর্থনীতি নিউইয়র্কের পরিচয়ের একটি গুরুত্বপূর্ণ অংশ", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আমরা জানি দীর্ঘমেয়াদি সাফল্য নিশ্চিত করতে শুরুকালে ব্যবসা প্রতিষ্ঠানকে সহায়তা প্রদান একটি চমৎকার উপায়। এই নতুন অনুদান কর্মসূচির মাধ্যমে নিউইয়র্ক জুড়ে কর্ম সৃজন এবং কৃষির ভবিষ্যতের লক্ষ্যে বিনিয়োগ করা হবে।"

অঞ্চল ভিত্তিতে নতুন কৃষকদের অনুদান তহবিল প্রাপ্তরা হল:

<u>ক্যাপিটাল রিজিয়ন</u>

- **টাইনি হার্টস ফার্ম (Tiny Hearts Farm)**, কলম্বিয়া কাউন্টি - $28,567: ফুল উৎপাদন এলাকা বৃদ্ধির জন্য ক্ষেতের সরঞ্জাম এবং সরবরাহ ক্রয়।
- **ডেভিড অ্যান্ড কেলি লেন্ড্রাম (David & Kelly Lendrum)**, অ্যালবানি - $21,300: খড় উৎপাদন সম্প্রসারণে সরঞ্জাম ক্রয়।

- **বাত্তেনকিল ভ্যালি ফার্মস (Battenkill Valley Farms)**, ওয়াশিংটন কাউন্টি - $20,525: শস্য উৎপানের জন্য সরঞ্জাম ক্রয়।
- **কমন হ্যান্ডস ফার্ম, লিমিটেড লায়াবিলিটি কোম্পানি বা এলএলসি (Common Hands Farm, LLC.)**, কলম্বিয়া কাউন্টি - $16,288: শস্য উৎপাদন বৃদ্ধির জন্য ক্ষেতের সরঞ্জাম ক্রয়।
- **অন দ্য ফার্ম (On the Farm)**, কলম্বিয়া কাউন্টি - $15,750: খড় তৈরির সক্ষমতা সম্প্রসারণে একটি গোলাঘর নির্মাণ।

<u>সেন্ট্রাল নিউ ইয়র্ক</u>

- **এলিস অ্যাকর্স ফার্ম, এলএলসি (Elly's Acres Farm, LLC.)**, অননদাগা কাউন্টি- $50,000: ভেড়ার খামার পরিচালনার জন্য সরঞ্জাম ক্রয়।
- **সানসউইক ফার্ম (Sunswick Farm)**, কাইউগা কাউন্টি - $50,000: মধু উৎপাদন বৃদ্ধির জন্য একটি কাঠামো নির্মাণ।
- **কাইউগা ভিউ ফার্ম (Cayuga View Farm)**, কাইউগা কাউন্টি - $25,500: খড় উৎপাদনের মান ও পরিমাণ বৃদ্ধির জন্য একটি গোলাঘর নির্মাণ।
- **শেয়ার্ড রুটস ফার্ম, এলএলসি (Shared Roots Farm, LLC.)**, কর্টল্যান্ড কাউন্টি - $20,778: কোল্ড স্টোরেজ এবং সবজি খামারের কার্যক্রম সম্প্রসারণে সরঞ্জাম ক্রয়।

<u>ফিঙ্গার লেকস (Finger Lakes)</u>

- **ফ্লাওয়ারওয়েল, এলএলসি (Flowerwell, LLC.)**, মনরো কাউন্টি - $50,000: উৎপাদন সম্প্রসারণে একটি নতুন প্রক্রিয়াকরণ ভবন নির্মাণ।
- **ফায়ার ক্রিক ফার্মস (Fire Creek Farms)**, লিভিংস্টোন কাউন্টি - $50,000: খড় উৎপাদন সম্প্রসারণে একটি ভবন নির্মাণ ও সরঞ্জাম ক্রয়।
- **প্রেস্টন'স ফার্ম**, অর্লিন্স কাউন্টি - $50,000: উৎপাদন এলাকা সম্প্রসারণের জন্য ক্ষেতের সরঞ্জাম, গাছ এবং সরবরাহ ক্রয়।
- **স্ট্রিকল্যান্ড ফার্মস (Strickland Farms)**, ওয়েন কাউন্টি - $50,000: সরঞ্জাম সুরক্ষা এবং আপেল সংরক্ষণ করার জন্য একটি গোলাঘর নির্মাণ।
- **রবিনসন ফ্যামিলি ফার্মস, এলএলসি (Robinson Family Farms, LLC.)**, ওয়েন কাউন্টি - $49,990: একটি নার্সারি খামার স্থাপন এবং কার্যক্রম সম্প্রসারণে মূল-যুক্ত কাণ্ড, হাতিয়ার এবং সরঞ্জাম ক্রয়।
- **বোনি ফার্মস, এলএলসি (Bonnie Castle Farms, LLC.)**, ওয়েন কাউন্টি - $36,267: ফল উৎপাদনের অবস্থা উন্নয়নে ক্ষেতের সরঞ্জাম ক্রয়।
- **উইলিয়াম অ্যান্ড এমিলি স্মিথ (William & Emily Smith)**, ওয়েন কাউন্টি - $33,810: আরও দক্ষতার সাথে পশু রাখা এবং সার ব্যবস্থাপনার জন্য একটি পশুসম্পদের চালা-ঘর নির্মাণ।

- **ভ্যালি ভিউ ডেভনস (Valley View Devons)**, লিভিংস্টোন কাউন্টি - $28,651: খড় সংরক্ষণ এবং পশুদের আহারদানের মান উন্নয়নে সরঞ্জাম ক্রয় এবং বহনযোগ্য সংরক্ষণ ব্যবস্থা অন্তর্ভুক্তকরণ।

<u>লং আইল্যান্ড (Long Island)</u>

- **স্টেইন সিফুডস, এলএলসি (Stein Seafoods, LLC.)**, সাফোক কাউন্টি - $38,710: ঝিনুক খামারের উৎপাদন এবং কার্যক্রমের দক্ষতা বৃদ্ধি করতে সরঞ্জাম ক্রয়।

<u>মিড-হাডসন ভ্যালি (Mid-Hudson Valley)</u>

- **রোজ হিল ফার্ম, 1798 (Rose Hill Farm, 1798)**, ডাচেস কাউন্টি - $21,912: আপেল সুরা উৎপাদনের জন্য বিদ্যমান ফলের বৈচিত্রের জন্য আপেল গাছ রোপণ এবং জাফরি ব্যবস্থা স্থাপন।
- **গ্রেইপ হলো ফার্ম (Grape Hollow Farm)**, ডাচেস কাউন্টি - $21,356: উৎপাদন ক্ষমতা বৃদ্ধির জন্য গ্রিনহাউস এবং ফল বাগানের অবকাঠামো সম্প্রসারণ।
- **লং সিজন ফার্ম (Long Season Farm)**, উলস্টার কাউন্টি - $17,136: উৎপাদন বৃদ্ধি এবং কৃষি ঋতু সম্প্রসারণের জন্য সরঞ্জাম ক্রয়।

<u>মোহক ভ্যালি (Mohawk Valley)</u>

- **লভিন মামা ফার্ম (Lovin' Mama Farm)**, মন্টগোমেরি কাউন্টি - $22,560: উৎপাদন বৃদ্ধি এবং কৃষি ঋতু সম্প্রসারণের জন্য গ্রিনহাউজ, সরঞ্জাম এবং সরবরাহ ক্রয়।
- **উইন্ডি হিল গোট ডেইরি (Windy Hill Goat Dairy)**, ওটসেগো কাউন্টি - $21,355: উচ্চ-মানের গবাদি পশুর খাবার উৎপাদনের জন্য সরঞ্জাম ক্রয়।
- **মাইকেল বি'স হানি কোম্পানি, (Michael B's Honey Co.)**, ওনেইদা কাউন্টি - $19,230: মধু প্রক্রিয়াকরণে সহায়তার জন্য সরঞ্জাম ক্রয়।

<u>নর্থ কান্ট্রি (North Country)</u>

- **নর্থ কান্ট্রি ক্রিমারি, এলএলসি (North Country Creamery, LLC.)**, এসেক্স কাউন্টি - $50,000: মূল্য-সংযোজিত পণ্য উৎপাদন করতে প্রক্রিয়াকরণ সরঞ্জাম ক্রয়।

<u>সাউদার্ন টিয়ার</u>

- **কুপোলা রিজ ফার্ম, এলএলসি (Cupola Ridge Farms, LLC.)**, তায়োগা কাউন্টি - $49,150: পশুসম্পদ এবং খড় সংরক্ষণের জন্য একটি চালা-ঘর তৈরি ও সরঞ্জাম ক্রয়।
- **বেরি ব্রুক ফার্ম, এলএলসি (Berry Brook Farm, LLC.)**, দেলাওয়ার কাউন্টি - $16,500: উৎপাদন সম্প্রসারণের জন্য একটি গ্রিনহাউজ নির্মাণ ও কোল্ড স্টোরেজ সুবিধা বৃদ্ধি।

<u>পশ্চিম নিউ ইয়র্ক</u>

- **ম্যাককোলাম অর্চার্ডস, এলএলসি (McCollum Orchards, LLC.)**, নিয়াগারা কাউন্টি - $29,411: উৎপাদন সম্প্রসারণে একটি গ্রিনহাউজ তৈরি, একটি ওয়াশ/প্যাক স্টেশন সংস্কার, এবং সরঞ্জাম ও সরবরাহ ক্রয়।
- **মায়ার'স হোমগ্রাউন, এলএলসি (Meyer's Homegrown, LLC.)**, ইরি কাউন্টি - $27,802: উৎপাদন সম্প্রসারণে সরঞ্জাম ক্রয়।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হাওয়ার্ড যেমস্কি বলেন, "নতুন কৃষকদের কর্ম পরিচালনার সুযোগ প্রদান ও তাদেরকে উৎসাহ প্রদানে নিউইয়র্কের কৌশলগত সহায়তা আমাদের অঙ্গরাজ্য জুড়ে কৃষি অর্থনীতির ভবিষ্যতের লক্ষ্যে একটি বিনিয়োগ।"

অঙ্গরাজ্যের কৃষি ও বাজার (State Agriculture and Markets) কমিশনার রিচার্ড এ. বল বলেন, "আমাদের নতুন ও শুরুর কৃষকদের সহায়তা করাটা নিউইয়র্ক অঙ্গরাজ্যের ভবিষ্যৎ কৃষি উন্নয়নের জন্য গুরুত্বপূর্ণ। এসব অনুদান এই খামারগুলিকে কর্মকাণ্ড পরিচালনা এবং বাজারে আরও ভালভাবে প্রতিযোগিতা করতে সহায়তা করবে।"

"নিউইয়র্কের কৃষকদের এক তৃতীয়াংশ 65 বছর এবং অধিক বয়সী", **কৃষি কমিটির (Committee on Agriculture) সভাপতি সিনেটর জেন মেটজগার বলেন।** "আমাদের জন্য বিনিয়োগের মাধ্যমে পরবর্তী প্রজন্মের কৃষকদের সাফল্যের জন্য ভবিষ্যতের কৃষি ও আমাদের গ্রামীণ কমিউনিটির ভবিষ্যৎকে সহায়তা করাটা গুরুত্বপূর্ণ। এই পরিমিত আর্থিক সহায়তা সারা বছর ধরে টেকসই স্বল্প কর্ষণের মাধ্যমে টাটকা জৈব কৃষি পণ্য সরবরাহকারী লং সিজন ফার্মের (Long Season Farm) স্যাম ও ইরিন, বা খামার করতে এবং পরিবারের বিকাশ ঘটাতে নিউইয়র্ক অঙ্গরাজ্যের উত্তরে এসে জৈব পণ্যের ক্ষেত্রে স্থানীয় ভোক্তাদের ও রেঁস্তোরাগুলোর বৈচিত্রময় পছন্দের জন্য ক্রমবর্ধমান বাজার সৃষ্টিকারী বেরি ব্রুকের (Berry Brook) প্যাট্রিক ও অ্যালানোরের মত নতুন কৃষকদের অবস্থা দারুনভাবে বদলে দিতে পারে।"

কৃষি কমিটির সভাপতি, অ্যাসেম্বলি সদস্য ডোনা লুপার্দো বলেন, "নিউইয়র্ক নতুন কৃষকদের মূল্যকে স্বীকৃতি প্রদান করে এবং তাদের ব্যবসার বিকাশে সহায়তা প্রদানের কর্মসূচিকে অগ্রাধিকার প্রদান করেছে। নতুন কৃষকদের অনুদান তহবিল নতুন প্রজন্মের জন্য কৃষিভূমি এবং চলতি বছরের বাজেটে সর্বাধিক সহায়তা প্রাপ্ত আঞ্চলিক নেভিগেটর কর্মসূচির (Regional Navigator programs) মত অন্যান্য উদ্যোগকে পরিপূরণ করে। নতুন কৃষকদের জন্য সহায়তা তাদের জন্য এই মর্মে নিশ্চয়তা প্রদান করে যে, নিউইয়র্কের কৃষি উত্তরাধিকার শক্তিশালী থাকবে।"

নিউইয়র্ক অঙ্গরাজ্যের কৃষি ও বাজার বিভাগের পরামর্শক্রমে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) নতুন কৃষকদের অনুদান তহবিল পরিচালনা করে থাকে। সংশ্লিষ্ট প্রকল্প কিভাবে কৃষি উৎপাদনকে সম্প্রসারিত বা বৈচিত্র্য প্রদান করে সেটা প্রদর্শনসহ সুনির্দিষ্ট মানদণ্ডের উপর ভিত্তি করে আবেদনপত্রে সাফল্যাঙ্ক বা স্কোর প্রদান করা হয়। উপযুক্ত প্রকল্পের

জন্য 50 শতাংশ পর্যন্ত খরচ সহায়তা প্রদান এবং বাকি 50 শতাংশ খরচ গ্রহীতা কর্তৃক বহনের জন্য এই তহবিল থেকে 50,000 ডলার পর্যন্ত অনুদান প্রদান করা হয়।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন